যুগান্তর

তারিখ ২৬ MAY 2016

পৃষ্ঠা ২..৫ কলাম ..২

একাদশ শ্রেণীতে ভর্তি

# আজ সকাল ৯টায় আবেদন শুরু

**যুগান্তর রিপোর্ট**

কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন কার্যক্রম আজ শুরু হচ্ছে। সকাল ৯টা থেকে অনলাইন এবং এসএমএসে আবেদন করা যাবে। ৯ জুন পর্যন্ত রাতদিন ২৪ ঘণ্টাই শিক্ষার্থীরা এ আবেদন করতে পারবে। এবার সর্বমোট ২০টি কলেজে আবেদন করা যাবে। এর মধ্যে ১০টি অনলাইনে এবং ১০টি এসএমএসে আবেদন করা যাবে। ভর্তির ক্ষেত্রে অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত সিম ব্যবহার করতে হবে। নইলে আবেদন সঠিক হবে না।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন যুগান্তরকে জানান, 'আমরা আজই (বুধবার) সরকারি-বেসরকারি কলেজে উচ্চমাধ্যমিকের একাদশ শ্রেণীতে ভর্তির নির্দেশিকা প্রকাশ করেছি। সব শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে নির্দেশিকা পাওয়া যাচ্ছে। কাল অফিস সময় থেকেই আবেদন করতে পারবে শিক্ষার্থীরা।' তিনি আরও বলেন, ফল পুনঃনিরীক্ষার আবেদনকারীদেরও একই সময়ে আবেদন করতে হবে। ফল পরিবর্তন হলে ৯ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন সংশোধন করা যাবে।

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## আজ সকাল ৯টায় আবেদন শুরু

(শেষ পৃষ্ঠার পর)

নীতিমালা অনুযায়ী অনলাইনে সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানের জন্য ১৫০ টাকা এবং এসএমএসের মাধ্যমে প্রতি আবেদনের জন্য ১২০ টাকা ফি দিতে হবে। শুধু টেলিটক মোবাইলে এসএমএসের মাধ্যমে আবেদন করা যাবে। নীতিমালা অনুযায়ী এবারও সাধারণ বোর্ড, কারিগরি ও মাদ্রাসা বোর্ডের ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের এসএসসি উত্তীর্ণরা আবেদন করতে পারবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের পরীক্ষার্থীরা একাদশ শ্রেণীতে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে।

৮ পৃষ্ঠার ভর্তি নির্দেশিকা বিভিন্ন শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেয়া হয়েছে। বিস্তারিত তথ্য http://dhakaeducationboard.gov.bd/data/20160525110343213436.pdf. থেকে জানা যাবে।